প্রথম আলো

তারিখ ...... 2 APR 2017
পৃষ্ঠা ... ... ... কলাম ... ... ......

দুই তরুণ গ্রেপ্তার

# আজ এইচএসসি পরীক্ষা শুরু

নিজস্ব প্রতিবেদক ●

আজ রোববার সারা দেশে শুরু হচ্ছে ২০১৭ সালের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমানের পরীক্ষা। এবার মাদ্রাসা ও কারিগরিসহ ১০টি শিক্ষা বোর্ডে মোট পরীক্ষার্থী ১১ লাখ ৮৩ হাজার ৬৮৬ জন। গতবার ছিল ১২ লাখ ১৮ হাজার ৬২৮ জন।

প্রথম দিনে এইচএসসিতে অনুষ্ঠিত হবে বাংলা প্রথম পত্রের পরীক্ষা। আর মাদ্রাসার আলিমে অনুষ্ঠিত হবে কুরআন মাজিদ বিষয়ের পরীক্ষা। এবার মোট পরীক্ষার্থীর মধ্যে ছাত্র ৬ লাখ ৩৫ হাজার ৬৯৭ জন। আর ছাত্রী ৫ লাখ ৪৭ হাজার ৯৮৯ জন। সারা দেশে মোট ২ হাজার ৪৯৭টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষা শেষ হবে ১৫ মে।

এদিকে পরীক্ষা শুরুর আগ মুহূর্তে ভুয়া প্রশ্নপত্র ফাঁস চক্রের সঙ্গে জড়িত থাকার অভিযোগে শহিদুল ইসলাম (১৮) ও গোলাম সরোয়ার (১৮) নামের দুই তরুণকে আটক করেছে গোয়েন্দা পুলিশ। গত শুক্রবার ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গোয়েন্দা বিভাগের (ডিবি) একটি দল রাজধানীর মগবাজার নয়াটোলা মোড় এলাকায় অভিযান চালিয়ে তাঁদের গ্রেপ্তার করে।

গতকাল শনিবার ডিএমপির মিডিয়া সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলন করে এ তথ্য জানান ডিবির (উত্তর) উপকমিশনার শেখ নাজমুল আলম।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর